# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ১৪৮ -এ, তারিখঃ ০৪ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ / ১৮ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় কর্তৃক প্রদত্ত ১২ (বার) দফা নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে কর্মরত বেঞ্চ অফিসার এবং সহকারী বেঞ্চ অফিসারদের বিশেষ প্রশিক্ষণে অংশগ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিচারপ্রার্থী জনগণের সেবা সহজীকরণ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের কর্মকর্তা-কর্মচারীদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশের প্রধান বিচারপতি মাননীয় বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ মহোদয় গত ১২.০৯.২০২৪ খ্রি. তারিখে ১২ (বার) দফা নির্দেশনা প্রদান করেন।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় কর্তৃক প্রদত্ত ১২ (বার) দফা নির্দেশনা বাস্তবায়ন, কাজের দক্ষতা ও মান বৃদ্ধির জন্য কর্মোপযোগী অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।

উক্ত প্রশিক্ষণ কর্মশালা আগামী ২৩/০৩/২০২৫ খ্রি. হতে ২৫/০৩/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৩:৩০ ঘটিকা পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, অডিটোরিয়াম-এ অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে কর্মরত সকল বেঞ্চ অফিসার এবং সহকারী বেঞ্চ অফিসার-কে আগামী ২৩/০৩/২০২৫ খ্রি. হতে ২৫/০৩/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য বিশেষ প্রশিক্ষণে অংশগ্রহণ করে উক্ত প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

18/03/2025

(মোঃ আসিফ ইকবাল)
অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
হাইকোর্ট বিভাগ
ও
কোর্স পরিচালক
বেঞ্চ অফিসার এবং সহকারী বেঞ্চ অফিসারদের
বিশেষ প্রশিক্ষণ কোর্স-২০২৫